



পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮-১০)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা -১০০০।

www.pallisanchaybank.gov.bd

পসব্য/প্রকা/হিসাব-৫৫(৩)/২০২২-২০২৩/২২৩২২

তারিখঃ ৩০/০৫/২০২৩ খ্রি.

বাজেট ও হিসাব বিভাগ

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা (আঞ্চলিক) কার্যালয়, সকল জেলা;
অডিট দলনেতা, সকল নিরীক্ষা কার্যালয়;
শাখা ব্যবস্থাপক, সকল শাখা।

বিষয়ঃ ভবিষ্য তহবিল এর মনোনয়ন ফরম প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গত ২৪/০৫/২০২৩ তারিখের পসব্য/প্রকা/হিসাব-৫৫(৩)/২০২২-২০২৩/১২৪৯২ নং পত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।
উক্ত পত্রের নির্দেশনা বাস্তবায়নে নিম্নরূপ স্পষ্টীকরণ করা হলোঃ

- মনোনয়ন ফরমে চাঁদাদাতা এক বা একাধিক ব্যক্তিকে মনোনয়ন দিতে পারবেন। এ ক্ষেত্রে মনোনীত অর্থের শতকরা হারের সমষ্টি ১০০(%) এর কম বা বেশি হবে না।
- বিবাহিত কর্মকর্তা/কর্মচারীগণ নীতিমালার ২(চ) এর সংজ্ঞা মোতাবেক পরিবারের বাইরে কাউকে মনোনয়ন প্রদান করতে পারবেন না। অবিবাহিত কর্মকর্তা/কর্মচারীগণ বৈধ উত্তরাধিকারগণের বাইরে কাউকে মনোনীত করতে পারবেন না। বৈধ উত্তরাধিকার নাবালক হলেও মনোনয়ন প্রদান করা যাবে। এক্ষেত্রে চাঁদাদাতার অবর্তমানে নাবালক ব্যক্তির পক্ষে কে মনোনীত অংশের অর্থ গ্রহণ করবেন তা চাঁদাদাতা কর্তৃক ফরমে (৭ নং কলামে) উল্লেখ করতে হবে।
- ব্যাংকের যেকোন ০২ জন কর্মকর্তা/কর্মচারী উক্ত ফরমে স্বাক্ষর দিতে পারবেন।
- শাখার সকল কর্মকর্তা/কর্মচারীর মনোনয়ন ফরমে শাখা ব্যবস্থাপক প্রতিস্বাক্ষর করবেন। একইভাবে জেলার আওতাধীন শাখা ব্যবস্থাপকসহ জেলা (আঞ্চলিক) কার্যালয়ে পদায়নকৃত কর্মকর্তা/কর্মচারীগণের মনোনয়ন ফরমে সংশ্লিষ্ট জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং নিরীক্ষা কার্যালয়ে পদায়নকৃত কর্মকর্তা/কর্মচারীগণের মনোনয়ন ফরমে নিরীক্ষা দলনেতা প্রতিস্বাক্ষর করবেন।
- জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং নিরীক্ষা দলনেতা এর মনোনয়ন ফরমে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ প্রতিস্বাক্ষর করবেন।
- মনোনয়ন ফরমের ১-৫ নং কলামের অতিরিক্ত ৬ নং (মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গের এনআইডি/জন্ম নিবন্ধন নম্বর) ও ৭ নং (নাবালকের পক্ষে গ্রহণকারীর নাম ও এনআইড নম্বর) কলামে স্ব-হস্তে তথ্য সন্নিবেশ করতে হবে (সংযোজিত তথ্যসহ নমুনা মনোনয়ন ফরম এর কপি সংযুক্ত)। এতদসংক্রান্ত ডকুমেন্ট ও মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গের ছবি এবং নাবালকের পক্ষে গ্রহণকারীর ছবি (প্রযোজ্য ক্ষেত্রে) চাঁদাদাতা কর্তৃক সত্যায়িত করে মনোনয়ন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।
- জেলা (আঞ্চলিক) কার্যালয় সংশ্লিষ্ট শাখাসমূহের মনোনয়ন ফরম সংগ্রহ করে নিজ কার্যালয় এবং শাখাসমূহের কর্মকর্তা/কর্মচারীগণের মনোনয়ন ফরমের মূলকপি নির্ধারিত সময়ের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন।
- নিরীক্ষা কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীর মনোনয়ন ফরমের মূলকপি প্রধান কার্যালয়ে সরাসরি প্রেরণ করবেন।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বাস

(মোঃ আলা উদ্দিন)

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)

সংযুক্তি: চাঁদাদাতার প্রতিনিধি মনোনয়ন ফরম (সংযোজিত তথ্যসহ)-০১ পাতা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
২. উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৪. মানব সম্পদ, শৃঙ্খলা ও আপীল বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৫. প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা (ওয়েবসাইটে/সিবিএস নোটিশ বোর্ডে প্রকাশের জন্য)।
৬. অফিস নথি।

(মোঃ ফিরোজ ইসলাম)

অফিসার সাধারণ

প্রদেয় ভবিষ্য তহবিলে চাঁদাদাতার প্রতিনিধি মনোনয়ন ফরম (সংযোজিত তথ্যসহ)

বরাবর,
ব্যবস্থাপনা পরিচালক
পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

আমি এতদ্বারা মনোনয়ন প্রদান করিতেছি যে, আমার মৃত্যুর পর প্রদেয় ভবিষ্য তহবিলে আমার সঞ্চিত অর্থ ছকের ২ নম্বর কলামে উল্লিখিত ব্যক্তি বা ব্যক্তিবর্গের নিকট কলাম (৫) এ বর্ণিত হারে প্রদেয় হইবে-

ক্রমিক	মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গের নাম ও ঠিকানা	চাঁদাদাতার সহিত সম্পর্ক	মনোনীত ব্যক্তির বয়স	সঞ্চিত অর্থের শতকরা হার	মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গের এনআইডি/জন্মনিবন্ধন নম্বর	নাবালক এর পক্ষে গ্রহণকারীর নাম (এনআইডি নম্বরসহ)
১	২	৩	৪	৫	৬	৭

স্বাক্ষরী:

১।

২।

স্থান:.....

চাঁদাদাতার স্বাক্ষর.....

তারিখ:.....

নাম:.....

পদবী.....

সংযুক্তি:

প্রতিস্বাক্ষর

- ১। মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গের পাসপোর্ট সাইজের ছবি (চাঁদাদাতা কর্তৃক সত্যায়িত)।
- ২। মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গের এনআইডি সনদের কপি (চাঁদাদাতা কর্তৃক সত্যায়িত)।
- ৩। মনোনীত নাবালক হলে তার জন্ম নিবন্ধন সনদ এবং নাবালক এর পক্ষে গ্রহণকারীর এনআইডি সনদের কপি (চাঁদাদাতা কর্তৃক সত্যায়িত)।